গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যলয়
সদরপুর, ফরিদপুর।
www.dss.sadarpur.faridpur.gov.bd

## উপজেলা এনজিও সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : শরীফ শাওন<br>উপজেলা নির্বাহী অফিসার, সদরপুর, ফরিদপুর। |
| স্থান | : উপজেলা পরিষদ সভা কক্ষ |
| সময় | সকাল ১২.০০ ঘটিকা |
| সভা অনুষ্ঠানের তারিখ | : ২১/০৫/২০২৬ খ্রি. |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। [কমিটির সদস্যবৃন্দ] |

### সভায় আলোচনা ও সিদ্ধান্তসমূহ

আলোচ্যসূচি:

- ✓ উপজেলায় কার্যক্রম পরিচালনাকারী সকল এনজিও'র প্রতিবেদন দাখিল ;
- ✓ সক্রিয় বে-সরকারি সংস্থা বা এনজিও'র কার্যক্রম পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ✓ বিবিধ;

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। আলোচনা শুরু করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর ও সদস্য-সচিবকে অনুরোধ জানানো হয়। অতঃপর তিনি আলোচ্য সূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। অতঃপর সভার আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়;

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, অত্র উপজেলায় কার্যক্রম পরিচালনাকারী সকল বেসরকারি সংস্থা (এনজিও) কোন প্রতিষ্ঠান কী ধরণের কাজের সাথে যুক্ত, বা কোন প্রতিষ্ঠানের কার্যসম্পাদনের ক্ষেত্র কী সেটি নির্দিষ্ট ছকে কর্তৃপক্ষের নিকট সংরক্ষণ জরুরী বলে প্রতীয়মান হয়। কিন্তু অত্র উপজেলার এনজিও গুলোর কাজের প্রকৃতি বিষয়ে কোন তথ্য না থাকায় যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে প্রতিবেদন প্রদান করা সম্ভব হয়না। সভায় এনজিও গুলো হতে তাঁদের কাক্রক্রমের প্রকৃতি ও ক্ষেত্র বিষয়ে নির্ধারিত ছকে তথ্য প্রদানের জন্য বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক জারিকৃত পত্র ও ছক মোতাবেক সকল এনজিওকে অনতিবিলম্বে তাঁদের কার্যক্ষেত্র ও কাজের প্রকৃতি/ধরণ সম্পর্কে প্রতিবেদন দাখিলের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | অত্র উপজেলায় কার্যক্রম পরিচালনাকারী সকল এনজিও প্রধান/প্রতিনিধি। |
| ০২ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, উল্লিখিত পরিপত্রের ৯ (১০) নং অনুচ্ছেদ মোতাবেক প্রতিমাসে এনজিও কর্তৃক সম্পাদিত তাঁদের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন "ফরম-৪" মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিলের নির্দেশনা রয়েছে। অত্র উপজেলায় এনজিও সমূহের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে ফরম-৪ মোতাবেক পাওয়া যায় না। ফলে তাঁদের কার্যক্রম মনিটরিং করার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। সভায় অত্র উপজেলায় কার্যক্রম পরিচালনাকারী সকল এনজিও'র মাসিক অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ফরমে দাখিলের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থিত সকল এনজিও প্রতিনিধিদের মতামত আহবান করা হয়। | অত্র উপজেলায় সক্রিয় / কার্যক্রম পরিচালনাকারী সকল এনজিও'র মাসিক অগ্রগতির প্রতিবেদন (তাঁদের সম্পাদিত কার্যাবলীর) নির্ধারিত ফরম-৪ অনুসারে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিলের পাশাপাশি যেসকল এনজিওর অগ্রগতির প্রতিবেদন পাওয়া যাবেনা তাঁদের বিরুদ্ধে আইন ও বিধি মোতাবেক ব্যবস্থাগ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। ব্যবস্থাপক, (সকল এনজিও) সদরপুর, ফরিদপুর |
| ০৩ | কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সদরপুরের এনজিও কার্যক্রমসমূহকে ক্যাটাগরি ভিতিক বিভিন্ন খাতে ভাগ করা যায়। জনস্বাস্থ্য সংক্রান্ত, সামাজিক সুরক্ষা, শিক্ষা সংক্রান্ত, কৃষি ও প্রাণী সম্পদ, মানবসম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ, ক্ষুদ্রঋণ ও দরিদ্র্য বিমোচন কর্মসূচি ভিত্তিক যেসব বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা কার্যক্রম পরিচালনা করেন তাঁদের কার্যাবলীর পরিচিত পেলে আগামী | এনজিও সমূহের কার্যক্রমভিত্তিক পরিচিতি প্রাপ্তি সাপেক্ষে সরকারি দপ্তরের সাথে সমন্বয় করে কার্যক্রমের ক্যাটাগরি অনুসারে পৃথক পৃথক দলে বিভাজনের মাধ্যমে তাঁদের কার্যক্রমের অগ্রগতি মনিটরিং ও পর্যবেক্ষণের | ০১। উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর, ফরিদপুর। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | সভায় "ক্যাটাগরি" ভিত্তিক বিভিন্ন ভাগে আলাদাভাবে সংশ্লিষ্ট সরকারি দপ্তরের অধীন কার্যক্রম পর্যবেক্ষণ করা যায়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৪ | বিবিধ:<br>সভায় বিবিধ আলোচনায় চর মানাইর ইউনিয়নের চেয়ারম্যান জানান যে অত্র উপজেলায় এনজিও কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অনেক এনজিও এই ফোরামের সদস্য নয় ফলে তাঁদের জবাবদিহির আওতায় আনা সম্ভব হচ্ছে না, তিনি প্রস্তাব করেন সকল এজনিও যারা এই উপজেলায় কার্যক্রম করবে তাঁদেরকে এই সভায় সদস্য হিসেবে অন্তর্ভূক্তি ও নিয়মিত সমন্বয় সভায় উপস্থিতি নিশ্চিত করতে উদ্যোগ গ্রহণ জরুরি। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অত্র উপজেলায় সকল ইউনিয়নে কার্যক্রম পরিচালনাকারী সকল এনজিও বা প্রতিষ্ঠানকে ৩০ শে জুন ২০২৬ খ্রি তারিখের মধ্যে এজনিও সমন্বয় সভার সদস্য হিসেবে অন্তর্ভূক্তির আবেদন ও সদস্যপদ গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত হয়; সদস্যপদ ছাড়া কার্যক্রম পরিচালনা করলে আইনগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। প্রতিনিধি (সকল) অনুমোদিত এনজিও, সদরপুর, ফরিদপুর। |

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শরীফ শাওন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও সমন্বয় কমিটি
সদরপুর, ফরিদপুর

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা সমাজসেবা কার্যালয়**
**সদরপুর, ফরিদপুর**
**www.dss.sadarpur.faridpur.gov.bd**

**নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৬-** ২০৬

**তারিখ:** ০৭ **জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ**
২১ **মে ২০২৬ খ্রিষ্টাব্দ**

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১। পরিচালক (কার্যক্রম) সমাজসেবা অধিদপ্তর, আগারগাও ঢাকা।
২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হমায়ুন রোড, মোহাম্মদ পুর, ঢাকা।
৩। জেলা প্রশাসক, ফরিদপুর।
৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার সদরপুর, ফরিদপুর।
৬। উপজেলা ....................................... কর্মকর্তা, সদরপুর, ফরিদপুর।
৭। চেয়ারম্যান......................ইউনিয়ন পরিষদ (সকল) সদরপুর, ফরিদপুর।
৮। ব্যবস্থাপক/প্রতিনিধি, (সকল) এনজিও/স্বেচ্ছাসেবী সংস্থা, সদরপুর, ফরিদপুর।
৯। জনাব, ............................................ সদরপুর, ফরিদপুর।
১০। অফিস কপি/নোটিশ বোর্ড।

21/05/2026

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
উপজেলা এনজিও সমন্বয় কমিটি
সদরপুর, ফরিদপুর
ফোন: ০২-৪৭৭৭৯৮১১১
E-mail: usso.sadarpur@dss.gov.bd

CamScanner